## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমবায় অধিদপ্তর কর্তৃক জেলা পর্যায়ে জনগণের জন্য প্রদত্ত সেবা সমূহ

### জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা।

# (CITIZEN CHARTER)

| ক্রঃ নং | কাজের প্রকৃতি | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ১। | সমবায় | ১) সমবায় একটি নিবন্ধনকৃত এবং গণতান্ত্রিক শৃঙ্খলায় পরিচালিত অর্থনৈতিক সংগঠন যার সামাজিক সম্পৃক্তি রয়েছে এবং সর্বস্তরের জনগণের মধ্যে বিদ্যমান। প্রত্যেক সমবায় সমিতি একটি সংবিধিবদ্ধ সংস্থা, যার স্থায়ী ধারাবাহিকতা আছে।<br>২) নিবন্ধন বা অনুমোদন ব্যতীত কোন সংগঠন বা সমিতি বা সংঘের নামে সমবায় বা কো-অপারেটিভ শব্দ ব্যবহার করিলে দায়ী ব্যক্তি অনধিক ০৭ (সাত) বৎসরের কারাদন্ড বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থ দন্ডে বা উভয় দন্ডে দন্ডিত হবেন। |
| ২। | সমবায় সমিতি নিবন্ধন | ১) একটি প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে ন্যূনতম ২০ (বিশ) জন ব্যক্তি সদস্যের প্রয়োজন।<br>২) কেন্দ্রীয় সমবায় সমিতি অর্থাৎ এইরূপ উদ্দেশ্য সম্বলিত ন্যূনতম ১০(দশ) টি প্রাথমিক সমবায় সমিতি নিয়ে গঠিত।<br>৩) জাতীয় সমবায় সমিতি অর্থাৎ এইরূপ উদ্দেশ্য সম্বলিত ন্যূনতম ১০(দশ) টি কেন্দ্রীয় সমবায় সমিতি নিয়ে গঠিত হবে ।<br>৪) সমবায় সমিতি নিবন্ধনের জন্য নির্ধারিত ফরমে, নির্ধারিত পদ্ধতিতে, নির্ধারিত ফি, সমিতির প্রস্তাবিত উপ-আইন এর তিন কপি এবং নির্ধারিত অন্যান্য কাগজপত্রসহ সংশ্লিষ্ট নিবন্ধকের নিকট আবেদনপত্র দাখিল করতে হবে।<br>৫) সংশ্লিষ্ট নিবন্ধক ৬০ দিনের মধ্যে নিবন্ধন কার্য সমাপ্ত করবেন অথবা ৩০ দিনের মধ্যে প্রয়োজনীয় তথ্য দাখিলের পরামর্শ দিতে পারেন। প্রয়োজনে তদন্ত দিতে পারেন।<br>৬) সরকারী কর্মসূচীর আওতায় বিত্তহীন, ভূমিহীন ও আশ্রয়হীনদের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং কেন্দ্রীয় সমবায় সমিতি নিবন্ধনের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং-১-৩৮৩১-০০০০-১৮৩৬ এ জমা দিতে হবে।<br>৭) পেশকৃত নিবন্ধনের কোন আবেদন মঞ্জুর হলে নিবন্ধক আবেদনকারীর বরাবরে নির্ধারিত ফরমে একটি "নিবন্ধন সনদ" ইস্যু করবেন। এ সনদ উক্ত সমিতির নিবন্ধনের ব্যাপারে চূড়ান্ত প্রামান্য দলিল হিসাবে গণ্য হবে। |
| ৩। | (ক) ব্যবস্থাপনা ঃ<br>সমিতির প্রশাসন ঃ | (১) সমবায় সমিতি আইন, বিধি ও উপ-আইন পালন শর্তে সমবায় সমিতি চূড়ান্ত কর্তৃত্ব তার সাধারণ সভার উপর বর্তাবে।<br>(২) প্রত্যেক সমবায় সমিতির ব্যবস্থাপনার দায়িত্ব সমবায় সমিতি আইন, বিধি ও উপ-আইন অনুযায়ী গঠিত একটি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যাস্ত থাকবে এবং সাধারণ সভায় সম্পাদনযোগ্য কার্য্য ব্যতীত সকল কার্য্য উক্ত কমিটি সম্পাদন করবে।<br>(৩) সমবায় বিধিমালা ২০০৪ এর ৫৬ অনুযায়ী প্রত্যেক সমবায় সমিতিতে কমপক্ষে ৭ (সাত) প্রকারের রেজিষ্টার সংরক্ষণ করতে হবে। যেমন ঃ (ক) সভ্য রেজিষ্টার, (খ) শেয়ার রেজিষ্টার, (গ) সঞ্চয় রেজিষ্টার, (ঘ) কর্জ রেজিষ্টার, (ঙ) ব্যবস্থাপনা কমিটির সভা ও সাধারণ সভার রেজিষ্টার, (চ) ব্যবস্থাপনা কমিটির সভা ও সাধারণ সভার হাজিরা রেজিষ্টার, (ছ) জমা খরচ বহি এবং নিবন্ধক কর্তৃক নির্দেশিত অন্যান্য রেজিষ্টার।<br>(৪) কোন সমবায় সমিতির স্থাবর সম্পত্তি এবং যন্ত্রপাতি বা যানবাহন সম্পত্তি সমিতির মূলধনের অংশ। তা বিক্রয়, বিনিময় বা ৫ (পাঁচ) বৎসরের অতিরিক্ত সময়ের জন্য ইজারা প্রদানের ক্ষেত্রে সাধারণ সভায় অনুমোদন বাধ্যতামূলক। এর ব্যত্যয় শাস্তি যোগ্য অপরাধ। |
| | (খ) অডিট ঃ | (১) সমবায় সমিতির হিসাব কার্যক্রম নিবন্ধক কর্তৃক মনোনিত তার অধীনস্ত কর্মকর্তা দ্বারা বাৎসরিক অডিট (নিরীক্ষা) কার্য্য সম্পাদন করাবেন।<br>(২) অডিট অফিসার (নিরীক্ষা কর্মকর্তা) কর্তৃক সম্পাদিত অডিট প্রতিবেদনের উপর নিবন্ধক বরাবর ৬০ দিনের মধ্যে সংশোধনী প্রতিবেদন দাখিল করতে হবে। |
| | (গ) নির্বাচন ঃ | (১) সমবায় সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিক ভাবে নির্বাচিত কমিটি কর্তৃক পরিচালিত হয়। কোন সমবায় সমতি নির্বাচন করতে ব্যর্থ হলে জেলা সমবায় অফিসার সমবায় আইন ও বিধি অনুযায়ী অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করবেন।<br>(২) অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি ১২০ দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতে ব্যর্থ হলে জেলা সমবায় অফিসার পুনরায় নতুন ভাবে ১২০ দিনের জন্য অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করবেন। |
| | (ঘ) পরিদর্শন ঃ | (১) সমবায় সমিতিতে সংগঠিত যে কোন অনিয়ম জেলা সমবায় অফিসার পরিদর্শন কিংবা তদন্তকারী অফিসার নিয়োগ এর মাধ্যমে নিস্পত্তি করেন।<br>(২) সমবায় সমিতির কার্যক্রম পর্যবেক্ষণের জন্য জেলা সমবায় অফিসার যে কোন সময় সমিতি পরিদর্শন করতে পারেন। |
| | (ঙ) টেষ্ট অডিট ঃ | (১) বাৎসরিক হিসাব বিবরনী (অডিট) এর উপর যে কোন সময় যে কোন সমিতি জেলা সমবায় অফিসার টেষ্ট অডিট সম্পাদন করতে পারেন। |
| | (চ) বিরোধ-নিস্পত্তি ঃ | (১) প্রাথমিক সমবায় সমিতির নির্বাচন সহ যে কোন সৃষ্ট বিরোধ জেলা সমবায় অফিসারের নিকট দায়ের করা হলে তিনি বা নিযুক্ত সালিশকারী ন্যায় বিচার, সমতা ও সু-বিচার প্রসুতভাবে নির্ধারিত সময়ের মধ্যে রায় প্রদান করেন। রায়ে কেহ সংক্ষুব্ধ হলে বিভাগীয় সমবায় দপ্তরের উপ-নিবন্ধক (বিচার) এর নিকট আপীল করতে পারেন। বিরোধ এবং আপীলের সাথে ১০০/= (একশত) টাকার কোর্ট ফি সংযুক্ত করতে হবে। |
| | (ছ) অবসায়ন ঃ | (১) প্রাথমিক সমবায় সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে জেলা সমবায় অফিসার সমিতিতে অবসায়ণের মাধ্যমে গুটাইতে পারেন। আবার সদস্যগণের আগ্রহের কারণে অবসায়ণ আদেশ প্রত্যাহার করতে পারেন।<br>(২) কোন সমবায় সমিতির মূলধন নির্ধারিত হারের নিম্নে হলে সরাসরি নিবন্ধন বাতিল কিংবা সমবায় আইনের পরিপন্থি কাজে জড়িত থাকলে অবসায়নের মাধ্যমে নিবন্ধন বাতিল করতে পারেন। |
| ৪। | নিরীক্ষা ফি<br>(সরকারী রাজস্ব) ঃ | (১) প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে বাৎসরিক নীট মুনাফা ১০০/= (একশত) টাকা বা উহার অংশের জন্য ১০/= (দশ) টাকা হারে সর্বোচ্চ ১০,০০০/= (দশ হাজার) টাকা নিরীক্ষা ফি ধার্য করা হয়।<br>(২) ধার্যকৃত নিরীক্ষা ফি ১-৩৮৩১-০০০০-২০২৯ কোড নম্বরে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা করার ব্যবস্থা করা হয়। |
| ৫। | সমবায় উন্নয়ন<br>তহবিল (CDF) ঃ | (১) সমবায় সমিতির সার্বিক উন্নয়নের লক্ষে তহবিল সংগ্রহ করা হয়।<br>(২) সমবায় সমিতির বাৎসরিক নীট মুনাফা হইতে ৩% এই খাতে ধার্য পূর্বক পে-অর্ডার বা ডিমান্ড ড্রাফ্ট মারফত নির্ধারিত হিসাবে জমা করার ব্যবস্থা করা হয়। |
| ৬। | বাজেট ঃ | কেন্দ্রীয় সমবায় সমিতির বাজেট জেলা সমবায় অফিসার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অনুমোদন করা হয়। |
| ৭। | প্রশিক্ষণ ঃ | সমবায় সমিতির সদস্যদের দক্ষ ও পারদর্শী হিসাবে গড়ে তোলার জন্য নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| | ভ্রাম্যমান প্রশিক্ষণঃ<br>আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটঃ | (১) সমবায় বিভাগের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে বা সমিতিতে উপস্থিত হয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>(২) সরকারের রাজস্ব ও সমবায় উন্নয়ন তহবিলের আর্থিক সহায়তায় সমবায় ব্যবস্থাপনা সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| | সমবায় একাডেমী<br>কোটবাড়ী, কুমিল্লা ঃ | একইরূপ অর্থায়নে সমবায় তথা সমবায় বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদেরকে ও প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| ৮। | পরামর্শ ঃ | সমবায় সংক্রান্ত যে কোন তথ্য বা পরামর্শের প্রয়োজন হলে যে কোন সমবায় কার্যালয়ে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী পরামর্শ প্রদান করতে পারেন। |

Scanned with CamScanner